গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

## পরিকল্পনা বিভাগের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক পর্যালোচনা ও আওতাধীন দপ্তরের তথ্য অধিকার Feedback সভার কার্যবিবরণী

সভাপতি : মো: দেলোয়ার হোসেন
অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ
তারিখ : ০৬ জানুয়ারি ২০২২ বৃহস্পতিবার
সময় : বেলা-১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, ভবন-১০, পরিকল্পনা বিভাগ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাকে জানানো হয় যে, পরিকল্পনা বিভাগের চলতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর অন্তর্ভুক্ত তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নের নির্দেশনা আছে। তথ্য অধিকার কর্মপরিকল্পনায় ৬টি কার্যক্রমের অধীন ৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এপিএ নির্দেশিকা অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের জন্য ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও আওতাধীন দপ্তরের অর্ধ-বার্ষিক Feecback প্রদানের বিধান আছে। ২য় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর/২০২১) পরিকল্পনা বিভাগের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্র: নং | কার্যক্রমের নাম | অগ্রগতি |
|---|---|---|
| ১. | ১.১.১ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ | ২য় ত্রৈমাসিকে তথ্য প্রদানের জন্য কোন আবেদন পাওয়া যায়নি। অর্জন ১০০% |
| ২. | ১.২.১ স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ | ৯/১১/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে |
| ৩. | ১.৩.১ বার্ষিক প্রতিবেদন প্রকাশ | ১৪/১০/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ৪. | ১.৪.১ তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি ও হালনাগাদকরণ | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্যের ক্যাটালগ তৈরি ও হালনাগাদ করা হয়েছে। |
| ৫. | ১.৫.১ প্রচার কার্যক্রম ও জনসচেতনতা | ৩য় ও ৪র্থ কোয়ার্টারে ৩টি সভা আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। |
| ৬. | ১.৬.১ তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | লক্ষ্যমত্রা অনুযায়ী ৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। |

২.০০ অধীন দপ্তর বিআইডিএস এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি: বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হয়। উক্ত প্রতিষ্ঠানের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনায় ৬টি কার্যক্রমের আওতায় ৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ২য় ত্রৈমাসিকে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার অগ্রগতি নিম্নরূপ:

| ক্র: নং | কার্যক্রমের নাম | অগ্রগতি |
|---|---|---|
| ১. | ১.১.১ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ | শতভাগ অর্জিত |
| ২. | ১.২.১ স্ব-প্রনোদিত তথ্য ওয়েবসাইটে প্রকাশ | ৩১/১২/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে |
| ৩. | ১.৩.১ বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ১৪/১০/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে) |
| ৪. | ১.৪.১ তথ্যের ক্যাটালগ প্রস্তুত ও হালনাগাদ | প্রস্তুত করা হয়েছে |
| ৫. | ১.৫.১ তথ্য অধিকার বিষয়ক প্রচার | ০৩টি কার্যক্রমের মধ্যে ১টি লিফলেট প্রচার করা হয়েছে |
| ৬. | ১.৬.১ তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ | ৩টি'র মধ্যে ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে |

৩.০০ অধীন দপ্তর এনএপিডি এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হয়। উক্ত প্রতিষ্ঠানের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনায় ৬টি কার্যক্রমের আওতায় ৬টি কর্মসম্পদন সূচক রয়েছে। ২য় ত্রৈমাসিকে জাতীয় এনএপিডি'র তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার অগ্রগতি নিম্নরূপ:

| ক্র: নং | কার্যক্রমের নাম | অগ্রগতি |
|---|---|---|
| ১. | ১.১.১ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ | শতভাগ অর্জিত |
| ২. | ১.২.১ স্বপ্রণোদিতভাবে তথ্য ওয়েবসাইটে প্রকাশ | ৩১/১২/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে |
| ৩. | ১.৩.১ বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ১৫/১০/২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে |
| ৪. | ১.৪.১ তথ্যের ক্যাটালগ প্রস্তুত ও হালনাগাদ | ৩১/১২/২০২১ তারিখে প্রস্তুত করা হয়েছে |
| ৫. | ১.৫.১ তথ্য অধিকার বিষয়ক প্রচার | ০৩টি কার্যক্রম চলমান রয়েছে |
| ৬. | ১.৬.১ তথ্য অধিকার বিষয়ে ৩টি প্রশিক্ষণ আয়োজন | ৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে |

সভায় পরিকল্পনা বিভাগের তথ্য অধিকার কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্যের ক্যাটালগ তৈরি/হালনাগাদ করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

৪.০০ সভায় বিআইডিএস এবং এনএপিডি এর তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উক্ত প্রতিষ্ঠানদ্বয়কে তথ্য অধিকার অর্জন ও বিধিবিধান সম্পর্কে জনসচেনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়। তথ্য অধিকার বিষয়ে বিআইডিএস'র কর্মকর্তাদের ১টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়। সম্পাদিত কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণের পরামর্শ প্রদান করা হয়।

৫.০০ <u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

৫.০১ মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা মোতাবেক তথ্যের ক্যাটালগ তৈরি/হালনাগাদ করতে হবে;

৫.০২ বিআইডিএস ও এনএপিডি'র তথ্য অধিকার অর্জন বিষয়ে প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণ সম্পাদন করতে হবে;

৫.০৩ প্রত্যেক কর্মসম্পাদন সূচকের অনুকূলে প্রমাণক সংরক্ষণ ও সরবরাহ করতে হবে।

৬.০০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০১/২০২২
(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ)
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৪৫.০০১.২১.**৪৪৬**

তারিখঃ ২২ পৌষ, ১৪২৮ / ০৬ জানুয়ারি, ২০২২

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, সচিবালয় লিংক রোড, ঢাকা
২. যুগ্মসচিব (বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. উপসচিব (এপিএ/বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. পরিচালক (প্র: ও অ:), এনএপিডি, নীলক্ষেত, ঢাকা
৫. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা
৬. গবেষণা কর্মকর্তা (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. প্রশাসনিক কর্মকর্তা (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৮. প্রশাসনিক কর্মকর্তা (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:</u>

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. যুগ্মসচিব (বজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ
৫. সংশ্লিষ্ট নথি

06/1/2022

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা বিভাগ
ফোনঃ ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd